# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# Bangladesh Water Development Board

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
স্টোর বিভাগ
বাপাউবো, ৪০৯-৪১৬, তেজগাঁও, ঢাকা।
ফোন নং- ০২-২২৩৩১৪৫৩৭
E-mail: xen.store.me@gmail.com

Office of the Executive Engineer
Store Division
BWDB, 409-416, Tejgaon, Dhaka.
Phone: 02-223314537
E-mail: xen.store.me@gmail.com

স্মারক নং-ইই/স্টোর/তালিকাভুক্তি-২০২৫-২০২৬/২৭ তারিখঃ ২২-০৭-২০২৫ খ্রিঃ।

## " ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্টোর বিভাগ, বাপাউবো, তেজগাঁও, ঢাকা দপ্তরের অধীনে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় অনধিক ০৩ (তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৫-২০২৬ অর্থ বৎসরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি ও নবায়ন করা হবে। আগ্রহী ঠিকাদার/সরবরাহকারীগণ কর্তৃক উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), যাস, বাপাউবো, তেজগাঁও, ঢাকা এর অনুকূলে ৫০০.০০ (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে আবেদন ফি পরিশোধ করে আগামী ২৪-০৭-২০২৫ খ্রিঃ হতে ২৪-০৮-২০২৫ খ্রিঃ পর্যন্ত (সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত) সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা সময়ের মধ্যে অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় দাখিলের মাধ্যমে আবেদন পত্র (ডকুমেন্ট) সংগ্রহ ও নিম্ন ছকে বর্ণিত কাগজ পত্রাদিসহ জমা প্রদান করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তি ফরম বিক্রয়, গ্রহণ এবং নবায়নের আবেদন গ্রহণ করা হবে না।

| | | |
|---|---|---|
| ১। | মন্ত্রণালয় | পানি সম্পদ মন্ত্রণালয়। |
| ২। | সংস্থা | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। |
| ৩। | ক্রয়কারীর নাম | নির্বাহী প্রকৌশলী, স্টোর বিভাগ, বাপাউবো, তেজগাঁও, ঢাকা। |
| ৪। | আবেদনকারীর যোগ্যতা | (১) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স; (২) হালনাগাদ ভ্যাট ও ইনকাম ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট; (৩) হালনাগাদ ব্যাংক সলভেন্সী/বিবরণী; (৪) জাতীয় পরিচয়পত্র; (৫) পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি; (৬) ঠিকাদারী প্রতিষ্ঠানের মালিকের ৩০০/- টাকার ষ্ট্যাম্পে অঙ্গিকারনামা; (৭) অত্র দপ্তর হতে সরবরাহকৃত আবেদন ফরমে উল্লেখিত সকল শর্তাবলী পূরণ করতে হবে;। |
| ৫। | আবেদন ফরম ফি | আবেদন ফরম ফি বাবদ ৫০০.০০ (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), যাস, বাপাউবো, তেজগাঁও, ঢাকা বরাবরে। |
| ৬। | তালিকাভুক্তিকরন ও নবায়ন ফি | নতুন তালিকাভুক্তির জন্য ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা সাথে ভ্যাট বাবদ ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) টাকা এবং নবায়নের জন্য ২,০০০.০০ (দুই হাজার) টাকা সাথে ভ্যাট বাবদ ৩০০.০০ (তিনশত) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), যাস, বাপাউবো, তেজগাঁও, ঢাকা বরাবরে। |
| ৭। | আবেদন প্রাপ্তির স্থান | প্রাক্কলন শাখা, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, স্টোর বিভাগ, বাপাউবো, তেজগাঁও, ঢাকা। |
| ৮। | আবেদনপত্র দাখিল | প্রাক্কলন শাখা, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, স্টোর বিভাগ, বাপাউবো, তেজগাঁও, ঢাকা। |
| ৯। | আবেদনপত্র (ডকুমেন্ট) বিক্রয় আরম্ভের তারিখ | ২৪-০৭-২০২৫ খ্রিঃ, সকাল ৯.০০ ঘটিকা হতে। |
| ১০। | আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ও সময়। | ২৪-০৮-২০২৫ খ্রিঃ, বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত। |

* এখানে উল্লেখ্য যে, ঠিকাদারগণের আবেদনপত্র যাচাই বাচাই পূর্বক প্রাথমিকভাবে নির্বাচিত ঠিকাদারগণের তালিকা প্রকাশিত হবার পর তালিকাভুক্তিকরণ ফি ও নবায়ন ফি (পে-অর্ডার/ব্যাংক ড্রাফট) প্রাক্কলন শাখায় জমা করতে হবে। ক্রয়কারী কর্তৃপক্ষ আবেদনকারীর আবেদনপত্র যাচাই-বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি আবেদনপত্র গ্রহণ/বাতিল করায় ক্ষমতাবান।

* ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানের সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) টেন্ডারে অংশ গ্রহণের জন্য e-GP Registration থাকা আবশ্যক।

স্বাক্ষরিত/-
(ছালাউদ্দিন খান)
পরিচিতি নং- ৮৩০২০০০১
নির্বাহী প্রকৌশলী
স্টোর বিভাগ
বাপাউবো, তেজগাঁও, ঢাকা।

স্মারক নং-ইই/স্টোর/তালিকাভুক্তি-২০২৫-২০২৬/২৭/১(৯) তারিখঃ ২২-০৭-২০২৫ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো-

১। প্রধান প্রকৌশলী, যান্ত্রিক সরঞ্জাম, বাপাউবো, তেজগাঁও, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কেন্দ্রীয় যান্ত্রিক সার্কেল, বাপাউবো, তেজগাঁও, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, পানি ভবন, ৭২-গ্রীনরোড, ঢাকা।
৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, ৭২-গ্রীনরোড, ঢাকা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজী জাতীয় দৈনিক সংবাদপত্রে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫। সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আইসিটি সেল, প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর বাপাউবো, ঢাকা। বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
৬। সিনিয়র সহকারী পরিচালক (অহিনি), আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), যাস, বাপাউবো, তেজগাঁও, ঢাকা।
৭। সহকারী প্রকৌশলী, তেজগাঁও স্টোর উপ-বিভাগ ১/২, বাপাউবো, তেজগাঁও, ঢাকা।
৮। প্রাক্কলনিক, স্টোর বিভাগ, বাপাউবো, তেজগাঁও, ঢাকা। তাহাকে তালিকাভুক্তি নবায়ন/নতুন তালিকাভুক্তির আবেদন ফরম সরবরাহ ও আবেদনপত্র গ্রহণ এবং ঠিকাদার তালিকাভুক্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
৯। নথি।

22.07.2025
নির্বাহী প্রকৌশলী
স্টোর বিভাগ
বাপাউবো, তেজগাঁও, ঢাকা।